গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী: জুলাই ২০২~~৪~~৫

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ: ১২ আগস্ট, ২০২৪ সময়: ১১:০০ ঘটিকা
স্থান: প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা হাজিরা: পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত জুলাই মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য কমিউনিকেশন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত মাসের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী মাসের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়।<br>এছাড়াও IFAD Supervision Mission ২০২৫-এ আলোচিত বিষয়গুলো নিয়ে করণীয় সম্পর্কে আলোচনা হয়।<br>IFAD Supervision Mission ২০২৫-এর সভার আলোচনা অনুযায়ী এই কম্পোনেন্টের আর্থিক অগ্রগতি বিষয়ক প্রতিবেদন ও প্রকল্পের মেয়াদ বর্ধিত হওয়া সাপেক্ষে জুন ২০২৭ পর্যন্ত প্রাক্কলিত বাজেট প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। | ক) প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা ও অন্যান্য সিদ্ধান্ত অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে।<br><br>খ) মিশন প্রতিবেদন অনুযায়ী করণীয় নির্ধারণ পূর্বক বাস্তবায়ন করতে হবে।<br><br>গ) আর্থিক অগ্রগতি বিষয়ক প্রতিবেদন ও বাজেট প্রস্তুত করে ৩১ আগস্টের মধ্যে এলজিইডিতে প্রেরণ করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজ রিডারদের মাধ্যমে তথ্য সংগ্রহ অব্যাহত রাখা | প্রকল্পের আওতায় তিন জেলায় মোট ৬১ জন প্রশিক্ষিত ল্যান্ড গেজ রিডার প্লাবন পূর্বাভাস মডেলের ক্যালিব্রেশন ও ভ্যালিডেশনের জন্য বন্যা মৌসুমে ভূমিতে পানির উচ্চতার তথ্য সংগ্রহ করবেন। প্রকল্প শেষে তাদের কার্যক্রম অব্যাহত রাখা ও ল্যান্ড গেজগুলোর ভবিষ্যৎ ব্যবহার নির্ধারণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (বাপাউবো) সাথে মত বিনিময় আবশ্যক মর্মে আলোচনা হয়। | ক) ল্যান্ড গেজ রিডারদের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রস্তাবিত বন্যা প্রস্তুতি কর্মসূচীর অথবা অন্যান্য সংস্থায় অনুরূপ কর্মসূচির স্বেচ্ছাসেবক হিসেবে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>খ) ল্যান্ড গেজগুলোর ব্যবহার অব্যাহত রাখতে বাপাউবো ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মধ্যে | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এছাড়া, অতীতের সহ ভবিষ্যতে বন্যার প্লাবন উচ্চতা ল্যান্ড গেজগুলোতে historical mark চিহ্নিত পূর্বক জনসচেতনতা তৈরীর মাধ্যম হিসেবে ব্যবহার করা যেতে পারে। | মতবিনিময় পূর্বক করণীয় নির্ধারণ করতে হবে।<br>গ) অতীতের সহ ভবিষ্যতে বন্যার প্লাবন উচ্চতা historical mark ল্যান্ড গেজগুলোতে চিহ্নিত পূর্বক জনসচেতনতা তৈরীর উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ০৩। | প্রশিক্ষণ মডিউল সংক্রান্ত | প্রকল্পের আওতায় তৈরি সকল টুলস/সিস্টেম ও পরিচালিত সকল প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বাংলায় প্রশিক্ষণ মডিউল বা সহায়িকা প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>মডিউল সমূহ চূড়ান্তকরণে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে মতবিনিময় আবশ্যক মর্মে প্রতীয়মান হয়। | ক) সকল প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বাংলায় প্রশিক্ষণ মডিউল বা সহায়িকা প্রস্তুত করতে হবে।<br><br>খ) সেপ্টেম্বরের প্রথমার্ধে প্রশিক্ষণ সহায়িকা সমূহের উপর মতামত গ্রহণের জন্য একটি মতবিনিময় কর্মশালা আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও সংশ্লিষ্ট সকল |
| ০৪। | প্রশিক্ষণ বাস্তবায়ন সংক্রান্ত | প্রকল্পের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমসমূহের মধ্যে বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ-১৯টি, বন্যা স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ-১৯টি, ডিএমসি পোর্টাল প্রশিক্ষণ-২২টি, গেজ রিডার প্রশিক্ষণ-৩টি সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে আলোচনা হয়ঃ<br>জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের অংশীজনদের জন্য বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে দুইটি প্রশিক্ষণের মধ্যে একটি সম্পন্ন হয়েছে।<br>স্থানীয় জনগোষ্ঠীর জন্য সচেতনতা বৃদ্ধিমূলক কনসালটেশন ও প্রশিক্ষণ ১৯টি উপজেলার মধ্যে ১০টি উপজেলায় সম্পন্ন হয়েছে।<br>১৯টি উপজেলায় বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে পুনঃপ্রশিক্ষণ প্রারম্ভ করতে হবে।<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্দ্যোক্তা প্রশিক্ষণ ২টি ব্যাচে সম্পন্নের বিষয়ে আলোচনা হয়। | অবশিষ্ট প্রশিক্ষণসমূহ পরিকল্পনা অনুযায়ী আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ<br>ক) অক্টোবরের মধ্যে অবশিষ্ট জাতীয় পর্যায়ে অংশীজনদের জন্য বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক এবং স্থানীয় জনগোষ্ঠীর জন্য সচেতনতা বৃদ্ধিমূলক কনসালটেশন ও প্রশিক্ষণ<br>মধ্যে সম্পন্ন করতে হবে।<br>খ) নভেম্বরের মধ্যে বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে পুনঃপ্রশিক্ষণ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্দ্যোক্তা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |
| ০৫। | টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটি মিটিং | DEM ডাটার ভিত্তিতে Inundation model-এর আউটপুট টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির নিকট উপস্থাপন করে এ বিষয়ে তাঁদের মন্তব্য গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | সেপ্টেম্বরের প্রথমার্ধে এ বিষয়ে TAC কমিটির সভা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৬। | প্লাবন পূর্বাভাস মডেলের ভ্যালিডেশন ও ক্যালিব্রেশন | চলতি বছর প্রকল্প এলাকায় বন্যা না হলে প্লাবন পূর্বাভাস মডেল ভ্যালিডেট ও ক্যালিব্রেট করার বিকল্প পদ্ধতি হিসেবে অত্র এলাকার বন্যার পানির উচ্চতার ঐতিহাসিক উপাত্ত (historical data) ব্যবহার করে মডেলটি ভ্যালিডেট ও ক্যালিব্রেট করার বিষয়ে আলোচনা হয়। | আলোচনা অনুযায়ী মডেলটি ভ্যালিডেট ও ক্যালিব্রেট করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | টিম লিডার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও জিআইএস স্পেশালিস্ট |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৭। | আঞ্চলিক পর্যায়ে বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালা | জেলা পর্যায়ে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা, চলমান কার্যক্রম সম্পর্কে প্রকল্প সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ, এক্সিট প্ল্যান বিষয়ে আলোচনার জন্য সকল অংশীদারদের নিয়ে আঞ্চলিক পর্যায়ে একটি বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | গাইবান্ধা-কুড়িগ্রাম অঞ্চলের জন্য ২০২৫ এর বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালা আয়োজন করার জন্য সকল প্রস্তুতি আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৮। | সার্ভার ক্রয় | সার্ভার সহ অন্যান্য আইসিটি ইকুইপমেন্ট ক্রয়ের জন্য স্পেসিফিকেশন তৈরী, e-Gp অ্যাকাউন্ট রেজিস্ট্রেশন, টেন্ডার প্লেসমেন্ট, প্রয়োজনীয় কমিটি গঠন ও অনুমোদন গ্রহণ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | এসংক্রান্ত টেন্ডার ২১ আগস্টের মধ্যে প্রকাশ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৯। | বিবিধ | প্রতিটি মাসিক সমন্বয় সভায় গবেষণা অংশের কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপারের উপস্থিতি আবশ্যক মর্মে সভায় আলোচনা হয়। | প্রতিটি মাসিক সমন্বয় সভায় হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপারের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | কমিউনিকেশন অফিসার, প্রোগ্রাম ম্যানেজার ও হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৮/২০২৫

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)
Email: dmim@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১১৭ (ক)

তারিখ: ২০-০৮-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৪। টিম লিডার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৫। প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৪। অফিস কপি/গার্ড ফাইল।

20/04/2014

**(মোহাম্মদ হাফিজুর রহমান)**
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস-আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ফোনঃ ০২-২২২২৬০৮২৯
Email: adgis@ddm.gov.bd